

- Presentation I : Early Marriage in Bangladesh: Not as Early as it Appears
- Presentation II : Prevention of Child Marriage in Bangladesh for Achieving Sustainable Development Goals (SDGs): A Policy Reflection
- Presentation III : Consequences of Child Marriage on Type of Pregnancy Outcome, Maternal Care and Perinatal Mortality: Slums of Dhaka (North and South) and Gazipur City Corporations



## ইস্ট ওয়েস্টে সম্মেলন

সামাজিক নিরাপত্তার অভাবে বাংলাদেশে বাল্য বিবাহ রোধ করা যাচ্ছে না বলে মত দিয়েছেন গবেষকরা। তাঁদের মতে, সামাজিক নিরাপত্তার পাশাপাশি উচ্চ শিক্ষা ও ক্ষমতায়নের ঘাটতি, দারিদ্রতা, নারীর প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গি, যৌতুক প্রথা এসব কারণে বাংলাদেশে মেয়েদের অল্প বয়সেই বিয়ে হচ্ছে। সম্প্রতি এ বিষয়ে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সম্মেলনের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উচ্চশিক্ষা মান উন্নয়ন প্রকল্প (হেকেপ)-এর সহায়তায় অনুষ্ঠেয় সম্মেলনটির শিরোনাম ছিল “লো এজ এট ম্যারিজ ইন বাংলাদেশ: মিথ অর রিয়েলিটি”। মূল প্রবন্ধ উপস্থাপন করেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)-এর বিজ্ঞানী ড. পিটার কিম স্ট্রেটফিল্ড ও ড. আব্দুর রাজ্জাক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের পপুলেশন্স সায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুল ইসলাম। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য ও সিআরটি’র চেয়ারপার্সন ড. রফিকুল হুদা চৌধুরী।